



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



## সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

নং ৬৮

তারিখ : ২১/০৮/২০২৪ খ্রি.

### ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকার ভর্তি নিম্নোক্ত প্রক্রিয়া ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন হবে-

(১) ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ১৮/০৮/২০২৪ খ্রি. হতে ২৮/০৮/২০২৪ খ্রি. তারিখের মধ্যে [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) ওয়েব ঠিকানায় প্রবেশ করে Applicant Login অপশনে গিয়ে আবেদনপত্রের রোল ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফর্ম পূরণ করবে এবং ডাউনলোড করে A4 কাগজে হার্ডকপি প্রিন্ট করবে।

(২) শিক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করার পর ২১/০৮/২০২৪ খ্রি. হতে ২৯/০৮/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ই-পেমেন্ট এর মাধ্যমে নিম্নোক্ত ফি জমা দিবেঃ

অনার্স বিষয়	টাকার পরিমাণ
পদার্থ, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা	৫,২৭০/-
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	৪,৫৫০/-

ই-পেমেন্ট এর মাধ্যমে ফি জমাদান পদ্ধতিঃ

ধাপ ১- শিক্ষার্থী <https://pccollege.studentpay.net/online-admission> এ প্রবেশ করে Academic Level থেকে Honour's সিলেক্ট করে Next বাটনে ক্লিক করবে। অতঃপর নির্বাচিত ৭ ডিজিটের Admission Roll যাচাই করবে।

ধাপ ২- চাহিদা অনুযায়ী ফরম পূরণ করে সাবমিট করার পর মোবাইল নাম্বার এবং Admission Roll দিয়ে Check বাটনে ক্লিক করলে ভর্তির জন্য প্রযোজ্য ফিস সমূহ দেখা যাবে। অতঃপর উক্ত ফি অনলাইনে (নগদ/বিকাশ.....) পরিশোধ করে Pay Slip প্রিন্ট করে সংরক্ষণ করবে।

(৩) শিক্ষার্থী ফি জমাদানের পর ২১/০৮/২০২৪ খ্রি. হতে ২৯/০৮/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে-

(ক) ভর্তির চূড়ান্ত আবেদন ফরমের প্রিন্ট কপি।

(খ) Pay Slip প্রিন্ট কপি।

(গ) এসএসসি ও এইচএসসি পাশের মূল নম্বরপত্র।

(ঘ) এসএসসি ও এইচএসসি পাশের নম্বরপত্রের এক সেট ফটোকপি (এক সেট অবশ্যই শিক্ষার্থী নিজের কাছে সংরক্ষণ করবে)।

(ঙ) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট ও এক কপি স্টাম্প সাইজের রজিন কপি।

(চ) এইচএসসি পাশের প্রশংসাপত্র এক সেট ফটোকপি।

কাগজপত্র জমা দেয়ার পর কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করবে এবং মোবাইলে মেসেজের মাধ্যমে শিক্ষার্থীর নিজ প্রোফাইলের লগইন পাসওয়ার্ড এবং অটোজেনারেটেড রোল দেওয়া হবে। ভর্তি নিশ্চয়নের মেসেজ না পেলে শিক্ষার্থী অবশ্যই সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করবে।

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র জমা না দিলে শিক্ষার্থীর ভর্তির আবেদন সয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

প্রতিস্বাক্ষর

২১.৮.২৪  
অধ্যক্ষ

সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

২১/০৮/২৪  
আস্বায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি-২০২৪  
সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট